

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

১৬

সূত্র নং-১/১০/৪২৪/০২২৫

তারিখঃ ২৫ আগস্ট ২০২৪

সকল আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান  
সকল শাখা ব্যবস্থাপক  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় : দেশের বন্যাকবলিত মানুষদের সহায়তায় সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে একদিনের বেতনের সমপরিমাণ অর্থ জমাদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়  
বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আমরা সকলেই অবগত আছি যে, দেশের বেশ কয়েকটি জেলা সম্প্রতি প্রবল বন্যার কবলে পড়ে চরম মানবিক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। অগণিত মানুষ খাদ্য, বস্ত্র ও ঔষুধের অভাবে মানবেতর দিন কাটাচ্ছেন। এ অবস্থায় মাননীয় ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ২৫-০৮-২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার মতামতের আলোকে কর্তৃপক্ষ কর্তৃক বন্যার্তদের সহায়তায় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের (নোয়াখালী অঞ্চলের সকল কর্মকর্তা-কর্মচারী ও ব্যাংকের অস্থায়ী কর্মচারী ব্যতীত) আগস্ট-২০২৪ মাসের ০১(এক) দিনের বেতনের সমপরিমাণ অর্থ কর্তন করে সমুদয় অর্থ সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে জমাদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায় ব্যাংকের উপরোল্লিখিত সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে বন্যার্তদের সাহায্যার্থে এগিয়ে এসে তাঁদের পাশে দাঁড়ানোর লক্ষ্যে আগস্ট-২০২৪ মাসের বেতন হতে ০১(এক) দিনের বেতনের সমপরিমাণ অর্থ কর্তন করে এডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে



(মোঃ শাহজাহান আকন্দ)


উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

সূত্র নং-১/১০/৪২৪/০২২৫

তারিখঃ ২৫ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশন), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
- ২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। প্রধান কার্যালয়ের অস্থায়ী কর্মচারী ব্যতীত সকল কর্মকর্তা-কর্মচারীর আগস্ট-২০২৪ মাসের বেতন হতে ০১(এক) দিনের বেতন কর্তনপূর্বক উহাসহ মাঠপর্যায় হতে উপরোল্লিখিত নির্দেশনা মোতাবেক কর্তনকৃত ০১(এক) দিনের বেতনের টাকা একত্রে সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগের বিভাগ প্রধান মহোদয়কে অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।



(রাশেদুর রহমান)

অফিসার